# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ হাঁচির সময়

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

হাঁচির সময়

যে হাঁচি দেবে সে সশব্দে বলবে, (الحمد لله) 'আলহামদুলিল্লা-হ'। আর যে তার আলহামদুলিল্লাহ' বলা শুনবে, সে তার জন্য দুআ করবে, বলবে, (يرحمك الله) 'য়্যারহামুকাল্লা-হ (অর্থাৎ, আল্লাহ তোমাকে রহম করে)। অতঃপর যে হাঁচি দিয়েছে সে নিজের জন্য দুআ করতে শুনলে ঐ ব্যক্তির জন্যও (কাফের হলেও) দুআ করবে, বলবে, (يهديكم الله ويصلح بالكم) (য়্যাহদীকুমুল্লা-হু অয়ুসলিহ বা-লাকুম) অর্থাৎ আল্লাহ তোমাদেরকে সৎপথ দেখান এবং তোমাদের অন্তর সংশোধন করেন। (বুঃ ৭/ ১২৫)

৩ বারের অধিক হচলে আর উত্তর দিতে হয় না। (আবু দাউদ ৫০৩৪ নং) কোন কাফের হাঁচলে তার দুআর জওয়াবে শেষোক্ত দুআটি পঠনীয়। (সহীহ তিরমী ২/৩৫৪)।

নামাযে হাঁচলে বলবে,

الحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ مُبَارَكًا عَلَيْهِ كَمَا يُحِبُّ رَبُّنَا وَيَرْضَى

উচ্চারণঃ আলহামদু লিল্লা-হি হামদান কাসীরান ত্বাইয়িবাম মুবা-রাকান ফীহি মুবা-রাকান আলাইহি কামা য়ুহিব্বু রাব্বুনা অয়্যারযা। অর্থ পূর্বে উল্লেখিত হয়েছে। (আঃ দাঃ, তিঃ নাঃ, মিশকাত ১৯২নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11777

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন